# কক্স ক্যামব্রিয়ান স্কুল

দক্ষিণ রুমালিয়ারছড়া, কক্সবাজার। মোবাইল: ০১৮৩৯-৯২২০০৮

সূত্র: তারিখ: ১৬/০৬/২০২৬ইং

**PTA (Parent-Teacher Association) – অভিভাবক-শিক্ষক সমিতি।**

**PTA (Parent-Teacher Association)** হলো এমন একটি সংগঠন যেখানে অভিভাবক ও শিক্ষকরা একত্রে শিক্ষার্থীদের সর্বাঙ্গীণ বিকাশ এবং বিদ্যালয়ের উন্নয়নের জন্য কাজ করেন। এটি বিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ সংগঠন, যেখানে অভিভাবক ও শিক্ষকরা একসঙ্গে কাজ করে শিক্ষার্থীদের শিক্ষা, আচরণ, নিরাপত্তা এবং সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করার চেষ্টা করেন।

**PTA-এর সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

- শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন করা।
- শিক্ষক-অভিভাবকদের যৌথ প্রয়াসে শিক্ষার গুনগত মনোনয়নের জন্য গুহীত উদ্যোগকে জোরদার করা।
- বিদ্যালয়ের সার্বিক কর্মকান্ডে অভিভাবকদের সম্পৃক্ত করা।
- তৃণমূল পর্যায়ে জবাবদিহিতা প্রতিষ্ঠা করা।
- শিক্ষক-অভিভাবকদের দায়িত্ব ও কর্তব্যের উৎসাহিত করা।
- বিদ্যালয় ও অভিভাবকদের মধ্যে কার্যকর যোগাযোগ স্থাপন করা।
- শিক্ষার্থীদের উপস্থিতি, আচরণ ও ফলাফলের উন্নয়নে সহযোগিতা করা।
- বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে সহায়তা করা।
- শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও ইতিবাচক শিক্ষার পরিবেশ নিশ্চিত করা।

**PTA-এর প্রধান কাজ**

1. অভিভাবক-শিক্ষক সভা আয়োজন করা।
2. শিক্ষার্থীদের অগ্রগতি ও সমস্যার বিষয়ে আলোচনা করা।
3. বিদ্যালয়ের বিভিন্ন সাংস্কৃতিক, ক্রীড়া ও শিক্ষামূলক কার্যক্রমে সহযোগিতা করা।
4. বিদ্যালয়ের অবকাঠামো ও পরিবেশ উন্নয়নে পরামর্শ প্রদান করা।
5. শিক্ষার্থীদের উপস্থিতি, শৃঙ্খলা ও মানসিক সুস্থতা নিয়ে কাজ করা।

**PTA-এর সদস্য**

#বিদ্যালয়ের প্রধান শিক্ষক- ১জন
#শিক্ষক প্রতিনিধি- ১জন
#শিক্ষার্থীদের অভিভাবক প্রতিনিধি - ৪জন পুরুষ অভিভাবক, ৪ জন মহিলা অভিভাবক = মোট ৮ জন অভিভাবক সহ মোট ১০ জন।

**PTA সভার গুরুত্ব**

#অভিভাবকরা তাদের সন্তানের শিক্ষাগত অগ্রগতি সম্পর্কে জানতে পারেন।
#শিক্ষকরা শিক্ষার্থীদের পারিবারিক ও সামাজিক পরিস্থিতি সম্পর্কে ধারণা পান।
#শিক্ষার্থীদের সমস্যা সমাধানে যৌথ উদ্যোগ নেওয়া সম্ভব হয়।
#বিদ্যালয় ও পরিবারের মধ্যে পারস্পরিক বিশ্বাস ও সহযোগিতা বৃদ্ধি পায়।

**(কফিল উদ্দিন)**
প্রধান শিক্ষক
কক্স ক্যামব্রিয়ান স্কুল
সদর ,কক্সবাজার।

# কক্স ক্যামব্রিয়ান স্কুল

দক্ষিণ রুমালিয়ারছড়া, কক্সবাজার। মোবাইল: ০১৮৩৯-৯২২০০৮

সূত্র: তারিখ: ১৬/০৬/২০২৬ইং

## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিদ্যালয়ের সকল অভিভাবকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সামগ্রিক উন্নয়ন, শিক্ষার মানোন্নয়ন এবং বিদ্যালয় ও অভিভাবকদের মধ্যে কার্যকর সমন্বয় ও যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে সরকারি নির্দেশনা এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জনাবা কাউছার জান্নাত লিলি-এর অনুমোদনক্রমে **অভিভাবক-শিক্ষক সমিতি (PTA)** গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অভিভাবক-শিক্ষক সমিতির রূপরেখা অনুযায়ী বিদ্যালয়ের অভিভাবকদের মধ্য হতে **৪ (চার) জন পুরুষ এবং ৪ (চার) জন মহিলা অভিভাবক** সদস্য হিসেবে নির্বাচিত হবেন। নির্বাচিত সদস্যদের মধ্য থেকে **১ (এক) জন** PTA-এর **সভাপতি** এবং **১ (এক) জন** PTA-এর **সহ-সভাপতি** নির্বাচিত করা হবে। PTA-এর সদস্য হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী অভিভাবকদের আগামী **২০ জুন ২০২৬** তারিখের মধ্যে নির্ধারিত **অনলাইন মনোনয়ন ফরম** পূরণ করে জমা দেওয়ার জন্য বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের মধ্য থেকে সংশ্লিষ্ট শ্রেণির অভিভাবকদের মতামতের ভিত্তিতে প্রতিটি শ্রেণির জন্য **১ (এক) জন প্রতিনিধি** মনোনীত করা হবে।

- **অনলাইন মনোনয়ন ফরম দাখিলের শেষ তারিখ: ২০/০৬/২০২৬খ্রি:**
- **শ্রেণি ভিত্তিক সদস্য নিবাচিতকরণ ও চূড়ান্ত PTA গঠন : ২৭/০৬/২০২৬খ্রি: (শনিবার)**

## অভিভাবক-শিক্ষক সমিতি-রুপরেখা

| ক্রমিক | ধরণ | পদবী |
|---|---|---|
| ০১ | বিদ্যালয় শিক্ষক-অভিবাবক সমিতির সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন সদস্য সভাপতি | সভাপতি |
| ০২ | বিদ্যালয় শিক্ষক-অভিবাবক সমিতির সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন সদস্য সহ-সভাপতি | সহ-সভাপতি |
| ০৩ | বিদ্যালয়ের প্রধান শিক্ষক (পদাধিকার বলে) সদস্য সচিব | সদস্য সচিব |
| ০৪ | বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্য হতে সাধারন সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন শিক্ষক সদস্য | সদস্য |
| ০৫ | বিদ্যালয়ের অভিভাবকগণের মধ্য হতে সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত তিন জন পুরুষ অভিভাবক সদস্য | সদস্য |
| ০৬ | বিদ্যালয়ের অভিভাবকগণের মধ্য হতে সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত তিন জন পুরুষ অভিভাবক সদস্য | সদস্য |

**বিদ্যালয়ের উন্নয়নমূলক কার্যক্রমে আপনাদের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কাম্য।**

**(কাউছার জান্নাত লিলি)**
সভাপতি
কক্স ক্যামব্রিয়ান স্কুল
সদর,কক্সবাজার।

**(কফিল উদ্দিন)**
প্রধান শিক্ষক
কক্স ক্যামব্রিয়ান স্কুল
সদর,কক্সবাজার।